<u>কেবলমাত্র সরকারি কাজে ব্যবহার্য</u>

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা।**

# ২০২১-২০২২ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

**মূল্য সংযোজন কর অনুবিভাগ**

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**সেগুনবাগিচা, ঢাকা।**

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২১/১৪৩ তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ জুন,২০২১খ্রিঃ

**বিষয়ঃ** **২০২১-২০২২ অর্থবছরের বাজেটে আনীত পরিবর্তনের ফলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিষয়ে করণীয় সংক্রান্ত নির্দেশনা।**

বাংলাদেশের অর্থনীতির টেকসই উন্নয়নের লক্ষ্যে বেসরকারি বিনিয়োগের পাশাপাশি বিপুল পরিমাণ সরকারি বিনিয়োগ প্রয়োজন। আর সে জন্য রাজস্ব আদায় বৃদ্ধির মাধ্যমে কর-জিডিপি অনুপাত বৃদ্ধি করা প্রয়োজন। কর হার বৃদ্ধি না করে করের আওতা সম্প্রসারণ রাজস্ব আদায় বৃদ্ধির অন্যতম বিকল্প উপায়। ভ্যাটের আওতা বৃদ্ধি, দেশীয় শিল্পের বিকাশে সহায়তা প্রদান, কর্মসংস্থান বৃদ্ধি এবং বিদেশী বিনিয়োগ আকর্ষণ করাসহ ভ্যাট আইন ও বিধি সহজীকরণ এবং আরো ব্যবসাবান্ধব করা এ বছর বাজেট প্রণয়নের মূল কৌশল হিসেবে গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে এ বছর বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ বেশ কিছু প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। এছাড়াও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত কতিপয় প্রজ্ঞাপন বাতিল/সংশোধন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের বাজেটে গৃহীত কার্যক্রমসমূহের উল্লেখযোগ্য অংশ নিম্নরূপ:

**০২।** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও উহার তফসিলসমূহে নিম্নোল্লিখিত সংশোধনীসমূহ আনা হয়েছেঃ

**(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সংশোধনীসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | ধারা ২ এর দফা (৬৩) সংশোধন | (অ) উপ-দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>“(খ) কোম্পানীর ক্ষেত্রে, অবসায়নাধীন কোম্পানী ব্যতিরেকে কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা বা তৎকর্তৃক নিযুক্ত অন্যকোন উপযুক্ত কর্মকর্তা বা প্রতিনিধি;”;<br>(আ) উপ-দফা (চ) পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>“(চ) সরকারি সত্তার ক্ষেত্রে, উহার মুখ্য নির্বাহী কর্মকর্তা বা তৎকর্তৃক নিযুক্ত অন্যকোন উপযুক্ত কর্মকর্তা বা প্রতিনিধি;” | কোন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর পাশাপাশি অন্য কোন উপর্যুক্ত কর্মকর্তাকে কমিশনারেটের শুনানীতে সুযোগ দানের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |
| ২. | ধারা ২ এর দফা | (অ) উপ-দফা (ছ) পর নিম্নরূপ নূতন উপ-দফা (ছছ) সন্নিবেশিত হইবে, যথা:- | কম পরিশোধিত এবং বকেয়া |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | (৭১) সংশোধন | “(ছছ) পূর্ববর্তী যে কোন কর মেয়াদে কম পরিশোধিত মূসকের বৃদ্ধিকারী সমন্বয়;”;<br>(আ) উপ-দফা (জ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (জ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>“(জ) সুদ, জরিমানা, অর্থদণ্ড, ফি, বকেয়া কর ইত্যাদি পরিশোধ সংক্রান্ত বৃদ্ধিকারী সমন্বয়; বা” | মূসক বৃদ্ধিকারী সমন্বয় করার বিধান করা হয়েছে। |
| ৩. | ধারা ২ এর দফা (১০৩) সংশোধন | দফা (১০৩) এর উপ-দফা (ঙ) বিলুপ্ত হইবে;” | রপ্তানির ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয়ের পরিবর্তে রেয়াত গ্রহণের বিধান করা হয়েছে। |
| ৪. | ধারা ৫ এর উপ-ধারা (১ক) সন্নিবেশ | “(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৫৮ এর অধীন বিশেষ পরিকল্পের অধীন তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে কেন্দ্রীয় নিবন্ধন প্রযোজ্য হইবে না।” | তামাক ও তামাকজাত পণ্যের রাজস্ব আদায় মনিটরিং এর সুবিধার জন্য কেন্দ্রীয় নিবন্ধন প্রযোজ্য হবে না। |
| ৫. | ধারা ৯ সংশোধন | (ক) সকল স্থানে উল্লিখিত “কমিশনারের” শব্দের পরিবর্তে “সংশ্লিষ্ট কর্মকর্তার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;<br>(খ) সকল স্থানে “কমিশনার” শব্দের পরিবর্তে “সংশ্লিষ্ট কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(গ) উপ-ধারা (৭) এর-<br>(অ) দফা (খ) এ উল্লিখিত “কমিশনারের নিকট সুপারিশ করিবেন; এবং” শব্দগুলি ও সেমিকোলন চিহ্ন এর পরিবর্তে “নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।” শব্দগুলি ও দাঁড়ি চিহ্ন প্রতিস্থাপিত হইবে; এবং<br>(আ) দফা (গ) বিলুপ্ত হইবে। | আইনের প্রয়োগ সহজীকরণ ও বিকেন্দ্রীকরণের জন্য নিবন্ধন বাতিল সংক্রান্ত কার্যাবলী কমিশনারের পরিবর্তে বিভাগীয় কর্মকর্তার উপর ন্যস্ত করা হয়েছে। |
| ৬. | ধারা ১১ সংশোধন | (ক) উপ-ধারা (৩) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “সংশ্লিষ্ট কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং | তালিকাভুক্তি বাতিলের ক্ষমতা বিভাগীয় |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | (খ) উপ-ধারা (৪) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "সংশ্লিষ্ট কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | কর্মকর্তাকে প্রদানের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ৭. | ধারা ১৯ এর উপ-ধারা (২) প্রতিস্থাপন | "(২) অনাবাসিক ব্যক্তির সকল দায়দায়িত্ব ও কার্যাবলী উক্ত মূসক এজেন্ট পালন ও সম্পাদন করিবেন, তবে আরোপিত কর, জরিমানা, দণ্ড এবং সুদসহ যাবতীয় অর্থ পরিশোধের জন্য অনাবাসিক ব্যক্তি দায়বদ্ধ থাকিবেন।" | অনাবাসিক ব্যক্তিদের নিবন্ধন ও মূসকের আওতায় আনার জন্য তাদের ভ্যাট সংশ্লিষ্ট দায়বদ্ধতা সম্পূর্ণভাবে তাদের উপর থাকবে মর্মে সংশোধনী আনা হয়েছে। |
| ৮. | ধারা ২০ সংশোধন | উপ-ধারা (১) এর দফা (খ) এর উপ-দফা (আ) এ উল্লিখিত "না" শব্দটি বিলুপ্ত হইবে। | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |
| ৯. | ধারা ২৪ এর উপ-ধারা (৫) প্রতিস্থাপন | "(৫) বাংলাদেশের বাহিরে সেবা রপ্তানি শূন্যহার বিশিষ্ট হইবে।" | সেবা রপ্তানি শূণ্যহার বিশিষ্ট। আইনে বিষয়টি স্পষ্টীকরণ করা হয়েছে। |
| ১০. | ধারা ৩১ এর উপ-ধারা (২) সংশোধন | উপ-ধারা (২) এ উল্লিখিত "৪ (চার)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৩ (তিন)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে। | শিল্পের কাঁচামাল/উপকরণ আমদানির ক্ষেত্রে আগাম কর ৩ শতাংশ করা হয়েছে। |
| ১১. | ধারা ৩২ এর উপ-ধারা (৫) সংশোধন | "(৫) পণ্য সরবরাহের ক্ষেত্রে নিবন্ধিত ও তালিকাভুক্ত ব্যক্তি কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নির্ধারিত পদ্ধতিতে উপকরণ-উৎপাদ সহগ (Input-Output Coefficient) দাখিল করিতে হইবে।" | সেবার ক্ষেত্রে মূসক ৪.৩ দাখিলের প্রয়োজন নেই। বিষয়টি |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | | স্পষ্টীকরণের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ১২. | ধারা ৪৬ সংশোধন | (ক) উপ-ধারা (১) এর-<br>(অ) দফা (ঠ) এর প্রারম্ভে উল্লিখিত “মূসকের হার ১৫ শতাংশের” শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে “রপ্তানির ক্ষেত্র ব্যতীত মূসকের হার ১৫ শতাংশের” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;<br>(আ) দফা (ঢ) এর প্রান্তঃস্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ণ) সংযোজিত হইবে, যথা:-<br>“(ণ) উপকরণ মূল্যের চেয়ে কম মূল্যে পণ্য বা সেবা সরবরাহ করা হইলে।”।<br>(খ) উপ-ধারা (৩) এর-<br>(অ) দফা (গ) বিলুপ্ত হইবে; এবং<br>(আ) দফা (ঙ) এ উল্লিখিত “বিদ্যুৎ” শব্দের পর “, ব্যাংক, বীমা, বন্দর” কমাগুলি ও শব্দগুলি সন্নিবেশিত হইবে। | রপ্তানিকারক প্রতিষ্ঠানের হ্রাসকারী সমন্বয়ের পরিবর্তে রেয়াত গ্রহণ, ঋণাত্বক সংযোজনের ক্ষেত্রে রেয়াত গ্রহণ প্রযোজ্য হবে না এবং ব্যাংক, বীমা ও বন্দর কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বিল মুসক ৬.৩ হিসেবে গণ্য করার জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৩. | ধারা ৪৮ সংশোধন | উপ-ধারা (২) এর দফা (ঙ) বিলুপ্ত হইবে। | রপ্তানির ক্ষেত্রে রেয়াত গ্রহণের সুবিধার্থে এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৪. | ধারা ৪৯ এর উপ-ধারা (৩) প্রতিস্থাপন | “(৩) উৎসে কর কর্তনকারী সত্তা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে উৎসে মূসক কর্তন ও পরিশোধ করিবে।” | উৎসে মূসক কর্তন ও আদায় বিধিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৫. | ধারা ৫০ | “(২) যে কর মেয়াদে কোন সরবরাহের বিপরীতে | ব্যবসা-বাণিজ্য |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | এর উপ-ধারা (২) প্রতিস্থাপন | মূল্য পরিশোধ করা হয়, সেই কর মেয়াদে বা সেই কর মেয়াদের পরবর্তী কর মেয়াদে উক্ত সমন্বয় সাধন করিতে হইবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবী তামাদি হইবে।” | সহজীকরণের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৬. | ধারা ৮২ সংশোধন | উপ-ধারা (১) এ উল্লিখিত “বীমা” শব্দের পর “, চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম” কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে। | ভ্যাট আইনের আওতায় ‘চার্টার্ড একাউন্টটেন্ড ফার্ম’ এর সহযোগিতা গ্রহণের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৭. | ধারা ৮৫ সংশোধন | (ক) উপান্তটীকায় উল্লিখিত “ব্যর্থতা বা অনিয়মের ক্ষেত্রে” শব্দগুলির পরিবর্তে “ব্যর্থতা, অনিয়ম বা কর ফাঁকির ক্ষেত্রে” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;<br>(খ) উপ-ধারা (১) এ উল্লিখিত “ব্যর্থতা বা অনিয়মের ক্ষেত্রে” শব্দগুলির পরিবর্তে “ব্যর্থতা, অনিয়ম বা কর ফাঁকির ক্ষেত্রে” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং<br>(গ) উপ-ধারা (১) এর সারণী এর ক্রমিক নং (ছ), (জ), (ঝ) এবং (ড) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “দ্বিগুণ” শব্দের পরিবর্তে “সমপরিমাণ” শব্দ প্রতিস্থাপিত হইবে;<br>(ঘ) উপ-ধারা (২) এ উল্লিখিত “ব্যর্থতা ও অনিয়ম” শব্দগুলির পরিবর্তে “ব্যর্থতা, অনিয়ম বা কর ফাঁকি” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; | প্রায়োগিক জটিলতা নিরসন ও ব্যবসা-বাণিজ্য আরো গতিশীল ও সহজীকরণের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৮. | ধারা ৮৬ সংশোধন | (ক) উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত “নির্ধারিত মূসক কর্মকর্তা” শব্দগুলির পরিবর্তে “সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কোন কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(খ) উপ-ধারা (৩) এ উল্লিখিত “ব্যর্থতা বা অনিয়মের ক্ষেত্রে” শব্দগুলির পরিবর্তে “ব্যর্থতা, অনিয়ম বা কর ফাঁকির ক্ষেত্রে” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে। | আইনের প্রায়োগিক জটিলতা নিরসনের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১৯. | ধারা ৯০ সংশোধন | উপ-ধারা (৩) এ উল্লিখিত "উক্ত অডিট ম্যানুয়াল অনুযায়ী" শব্দগুলি বিলুপ্ত হইবে। | নতুন আইনের আওতায় অডিট ম্যানুয়েল তৈরী চলমান আছে বিধায় নিরীক্ষা সম্পন্ন করার জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ২০. | নতুন ধারা ৯০ক সন্নিবেশ | "**৯০ক। বার্ষিক আর্থিক বিবরণী দাখিল।**—কোন নিবন্ধিত লিমিটেড কোম্পানী পূর্ববর্তী বছরের ব্যবসার আয়-ব্যয়ের হিসাব সম্বলিত বার্ষিক আর্থিক বিবরণী চলমান অর্থ-বছরের প্রথম ছয় কর মেয়াদের মধ্যে কমিশনারের নিকট দাখিল করিবে:<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কমিশনার উক্ত কোম্পানীর আবেদনের ভিত্তিতে উক্ত সময়সীমা যৌক্তিক কারণ বিবেচনাপূর্বক আরো ছয় কর মেয়াদ পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবেন।" | করদাতা কর্তৃক ভ্যাট কমিশনারেটে নিয়মিতভাবে সিএ ফার্মের নিরীক্ষা রিপোর্ট দাখিলের জন্য এ বিধান করা হয়েছে। |
| ২১. | ধারা ১০৭ সংশোধন | উপ-ধারা (২) এর দফা (গ) এ উল্লিখিত "সমন্বিত" শব্দটি বিলুপ্ত হইবে। | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |
| ২২. | ধারা ১১১ এর উপ-ধারা প্রতিস্থাপন | "(১) যদি কোনো ব্যক্তি অসৎ উদ্দেশ্যে-<br>(ক) জাল বা ভুয়া ব্যবসা সনাক্তকরণ সংখ্যা সম্বলিত মূসক নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর সনদপত্র বা কর চালানপত্র এবং উৎসে কর কর্তন সনদপত্র তৈরী বা ব্যবহার করেন; বা<br>(খ) জাল বা ভুয়া কর চালানপত্র, ক্রেডিট নোট, ডেবিট নোট, উৎসে কর কর্তন সনদপত্র তৈরি বা ব্যবহার করেন; বা<br>(গ) জাল বা ভুয়া বা পুনঃব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোল উৎপাদন, সংরক্ষণ, পরিবহন, বাজারজাতকরণ বা ব্যবহার করেন অথবা উক্ত কর্মকান্ডে সহায়তা করেন; বা<br>(ঘ) জাল বা ভুয়া বা পুনঃব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলযুক্ত কোনো পণ্য উৎপাদন, গুদামজাতকরণ, | বিড়ি ও সিগারেট খাতে রাজস্ব আদায় মনিটরিং আরো কার্যকর এবং ফাঁকিরোধকল্পে এ সংশোধনী আনা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | পরিবহন, বিপণন বা বিক্রয় করেন অথবা উক্ত কর্মকাণ্ডে সহায়তা করেন; বা<br>(ঙ) ব্যান্ডরোল বা স্ট্যাম্প ব্যবহার করিবার বাধ্যবাধকতা রহিয়াছে এমন কোনো পণ্য ব্যান্ডরোল বা স্ট্যাম্প বিহীন উৎপাদন, গুদামজাতকরণ, পরিবহন, বিপণন বা বিক্রয় করেন অথবা উক্ত কর্মকাণ্ডে সহায়তা করেন; বা<br>(চ) অন্যকোনো উপায়ে প্রদেয় কর ফাঁকি প্রদান করেন; বা<br>(ছ) উক্ত ব্যক্তি প্রাপ্য না হওয়া সত্ত্বেও কর ফেরৎ দাবি করেন;<br>তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১ (এক) বৎসর কারাদণ্ড বা প্রদেয় করের সমপরিমাণ অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। | |
| ২৩. | ধারা ১২৪ সংশোধন | (ক) উপান্তটীকায় উল্লিখিত "রিভিশন" শব্দের পরিবর্তে "আপিল" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(খ) উপ-ধারা (১), (২), (৩) ও (৪) এ উল্লিখিত "রিভিশনের" শব্দের পরিবর্তে "আপিলের" শব্দটি প্রতিস্থাপিত হইবে; | কোন সিদ্ধান্তের বিরুদ্ধে উচ্চতর ফোরামে সাধারণত আপিল করা যায়। সে কারণে সংশ্লিষ্ট ধারায় 'রিভিউ' না হয়ে 'আপিল' শব্দটি যথোপযুক্ত হবে বিধায় এ সংশোধনী আনা হয়েছে। |
| ২৪. | ধারা ১২৭ সংশোধন | উপ-ধারা (১) এ উল্লিখিত "মাসিক ২ (দুই) শতাংশ" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "মাসিক ১ (এক) শতাংশ" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে। | বকেয়া বা অনাদায়ী মূসকের উপর সুদ মাসিক ২ শতাংশের পরিবর্তে ১ শতাংশ করা হয়েছে। ব্যবসা-বাণিজ্য |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | | সহজীকরণ করার জন্য এ সংশোধনী আনা হয়েছে। |

**(খ) প্রথম তফসিলের পরিবর্তনসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | প্রথম তফসিল | (ক) প্রথম খন্ডের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা ০২.০৭ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড "০২০৭.১১.৯০" ও "০২০৭.১২.৯০" বিলুপ্ত হইবে; এবং<br>(খ) দ্বিতীয় খন্ডের অনুচ্ছেদ ২ (সমাজ কল্যাণমূলক সেবা) এর দফা (ঝ) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (ঞ) সংযোজিত হইবে, যথা:-<br>"(ঞ) ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় এমন সমাজকল্যাণমূলক অটিজম সংক্রান্ত সেবা।" | ক) সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ০২০৭.১১.৯০ ও ০২০৭.১২.৯০ এর বিপরীতে আমদানি পর্যায়ে মূসক আরোপ করা হয়েছে।<br>খ) সমাজকল্যানমূলক 'অটিজম সংক্রান্ত সেবা'কে ভ্যাট হতে অব্যাহতি দেয়া হয়েছে। |

**(গ) দ্বিতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | দ্বিতীয় তফসিলের টেবিল-১ প্রতিস্থাপন | টেবিল-১ (আমদানি পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ) টেবিলটি প্রতিস্থাপন করা হয়েছে। | আমদানি পর্যায়ে বিভিন্ন এইচ.এস. কোডের বিপরীতে সম্পূরক শুল্কের হার পরিবর্তন করা হয়েছে। |
| ২. | দ্বিতীয় তফসিল | টেবিল-২ (সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ) এর কলাম (১) এ উল্লিখিত- শিরনামা সংখ্যা ৬৯.১০ এর বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:- | শুধুমাত্র 'লং প্যান' এর ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে ১০ শতাংশ সম্পূরক শুল্ক প্রত্যাহার করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | “সংশ্লিষ্ট এইচ,এস, কোড — সিরামিকের সিঙ্ক, বেসিন, প্যাডেস্টাল বেসিন, কমোড বা উহার অংশ ও বাথরুমের অন্যান্য ফিটিংস ও ফিক্সার্স (লং প্যান ব্যতীত) — ১০<br>সিরামিকের বাথটাব ও জিকুজি, শাওয়ার, শাওয়ার ট্রে — ৩০”। | |

## (ঘ) তৃতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | তৃতীয় তফসিল | (ক) টেবিল-১ (‘খন্ড-ক’ – মূসক আরোপযোগ্য পণ্য) এর কলাম (১) এর-<br>(অ) শিরনামা সংখ্যা ১৫.১৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>“১৫.১৪ সংশ্লিষ্ট এইচএস কোড রেপসীডস অয়েল, কোলজা সীডস অয়েল ও কেনোলা অয়েল ৫%”;<br>(আ) শিরনামা সংখ্যা ৪৮.২০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-<br>“৪৮.২২ সংশ্লিষ্ট এইচএস কোড পেপার কোন ৫%”;<br>(ই) শিরনামা সংখ্যা ৮৫.১৭, ৮৫.২৯, ৮৫.৩৮ ও ৮৫.৩৪ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে; | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে।<br>পেপার কোন এর উপর মূসক ১৫% এর পরিবর্তে ৫% করা হয়েছে।<br>উৎপাদন পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান করা |

| | | | |
|---|---|---|---|
| | | | হয়েছে বিধায় এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। |
| ২. | তৃতীয় তফসিল | (খ) টেবিল-২ ('খন্ড-খ' – মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা S০২৪ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"S০২৪ S০২৪.১০ আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫ শতাংশ) ৭.৫%<br>S০২৪ S০২৪.২০ আসবাব পত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫ শতাংশ মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫ শতাংশ) ৭.৫%"; | আসবাবপত্রের উপর উৎসে মুসক আদায় স্পষ্টীকরণের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ৩. | তৃতীয় তফসিল | (গ) অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত "ঔষধ ও পেট্রোলিয়াম জাতীয় পণ্যের ক্ষেত্রে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে মূসক হার হইবে যথাক্রমে ২.৪ শতাংশ এবং ২ শতাংশ" শব্দগুলি, সংখ্যগুলি ও চিহ্নের পরিবর্তে "স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে ঔষধের ক্ষেত্রে মূসক হার হইবে ২.৪ শতাংশ এবং ডিজেল, কেরোসিন, অকটেন, পেট্রোল, ফার্নেস অয়েল ও এলপি গ্যাস এর ক্ষেত্রে মূসক হার হইবে ২ শতাংশ" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে। | পণ্যগুলির নাম সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে এবং এর মধ্যে এলপি গ্যাস অন্তর্ভুক্ত করা হয়েছে। |

**০৩। (ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর উল্লিখিত সংশোধনীসমূহঃ**

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১. | বিধি ২ সংশোধন | বিধি ২ এর-<br>(ক) দফা (চ) এর পর নিম্নরূপ নূতন দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা:-<br>"পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠান" (Backward | 'পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠান' এবং প্রকৃত রপ্তানিকারকের সংজ্ঞা বিধিতে অন্তর্ভুক্ত করা |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | Linkage Industry) অর্থ এইরূপ কোনো শিল্প প্রতিষ্ঠান যে শিল্প প্রতিষ্ঠান অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র বা অভ্যন্তরীণ ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে এইরূপ কোনো নিবন্ধিত ব্যক্তির নিকট পণ্য সরবরাহ বা সেবা প্রদান করে যিনি বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোনো প্রকৃত রপ্তানিকারকের নিকট পণ্য সরবরাহ বা সেবা প্রদানের জন্য অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রে আবদ্ধ;" এবং<br>(খ) দফা (ছ) এর পর নিম্নরূপ নূতন দফা (ছছ) সন্নিবেশিত হইবে, যথা:-<br>"(ছছ) "প্রকৃত রপ্তানিকারক বা রপ্তানিকারক" অর্থ এইরূপ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি তাহার উৎপাদিত পণ্য বা সেবা বা অন্যবিধভাবে সংগৃহীত পণ্য বা সেবা সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত রপ্তানি নীতি আদেশে বর্ণিত শর্তাবলি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময় সময়, জারীকৃত বৈদেশিক মুদ্রা সংক্রান্ত বিধি-বিধান পালন করিয়া সরাসরি রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় বা বাংলাদেশের বাহিরে রপ্তানি করেন;" | হয়েছে। |
| ২. | বিধি ৮ সংশোধন | (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "কমিশনারের" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; **এবং**<br>(খ) উপ-বিধি (২), (৪), (৫) ও (৬) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | মূসক নিবন্ধন বাতিলের ক্ষমতা কমিশনারের পরিবর্তে বিভাগীয় কর্মকর্তা এর উপর ন্যাস্ত করা হয়েছে। |
| ৩. | বিধি ৯ সংশোধন | (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "কমিশনারের" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;<br>(খ) উপ-বিধি (৩) এর দফা (খ) এ উল্লিখিত "কমিশনারের" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(গ) উপ-বিধি (২), (৪), (৫) এবং (৬) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "বিভাগীয় | টার্নওভার কর তালিকাভুক্তি বাতিলের ক্ষমতা কমিশনারের পরিবর্তে বিভাগীয় কর্মকর্তা করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | |
| ৪. | বিধি ১২ সংশোধন | (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "(চ)" বন্ধনী ও বর্ণের পরিবর্তে "(ছ)" বন্ধনী ও বর্ণ প্রতিস্থাপিত হইবে এবং "দফা (ক) হইতে (ঙ)" শব্দগুলি, বন্ধনী ও বর্ণগুলির পরিবর্তে "দফা (ক) হইতে (চ)" শব্দগুলি, বন্ধনী ও বর্ণগুলি প্রতিস্থাপিত হইবে;<br>(খ) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত "কমিশনারকে" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তাকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; **এবং**<br>(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | নিবন্ধন সংক্রান্ত তথ্য অবহিতকরণের জন্য কমিশনারের পরিবর্তে বিভাগীয় কর্মকর্তা করা হয়েছে। |
| ৫. | বিধি ১৩ সংশোধন | (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | ব্যবসায়ের স্থান পরিবর্তন সংক্রান্ত তথ্য বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার বিধান করা হয়েছে। |
| ৬. | বিধি ১৭ সংশোধন | বিধি ১৭ এর উপ-বিধি (৩) ও (৪) বিলুপ্ত হইবে; | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |
| ৭. | বিধি ১৮ক সংশোধন | (ক) উপ-বিধি (১) এর দফা (গ) এ উল্লিখিত "এবং রপ্তানি আয়ের স্বপক্ষে বাংলাদেশ ব্যাংকের প্রত্যয়ন পত্র" শব্দগুলি বিলুপ্ত হইবে;<br>(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বাংলাদেশে নিবন্ধিত কোনো ব্যক্তি কর্তৃক আন্তর্জাতিক দরপত্রে কার্যাদেশপ্রাপ্ত বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে অবস্থিত কোনো প্রতিষ্ঠানের কার্যাদেশভুক্ত কার্যক্রমের আংশিক সম্পাদনের নিমিত্ত বৈদেশিক মুদ্রায় স্থাপিত ঋণপত্রের বিপরীতে বাংলাদেশের অভ্যন্তরে পণ্য বা সেবা সরবরাহ করা হইলে, নিম্নবর্ণিত দলিলাদি বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল সাপেক্ষে, উহা আইনের ধারা ২ এর | বাংলাদেশ ব্যাংক হতে রপ্তানি আয়ের স্বপক্ষে কোন প্রত্যয়নপত্র ইস্যু করা হয় না বিধায় বিধিটি সংশোধন করা হয়েছে। এছাড়া দেশী ও বিদেশী প্রতিষ্ঠানের মধ্যে ব্যবসা-বাণিজ্যে সমতা বিধানের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | দফা (৬২) এর অধীন প্রচ্ছন্ন রপ্তানি বলিয়া গণ্য হইবে, যথা:-<br>(ক) আন্তর্জাতিক দরপত্রে কার্যাদেশপ্রাপ্ত বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানের দরপত্র বিজ্ঞপ্তি, সরবরাহ আদেশ, বা প্রযোজ্য ক্ষেত্রে, ক্রয়াদেশের তৎকর্তৃক সত্যায়িত অনুলিপি;<br>(খ) আন্তর্জাতিক দরপত্রের অধীন স্থানীয়ভাবে সংগৃহীত পণ্য বা সেবার বর্ণনা, পরিমাণ, পরিশোধিত অর্থ, বিল অব এন্ট্রি/মূসক চালানপত্র, ঘোষিত উপকরণ-উৎপাদ সহগ ইত্যাদির বিবরণ;<br>(গ) স্থানীয় বা আমদানি পর্যায়ে পণ্য বা সেবার উপর পরিশোধিত উপকরণ কর ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) হ্রাসকারী সমন্বয় গ্রহণের জন্য পিআরসি (Proceed Realization Certificate) এর ব্যাংক কর্তৃক সত্যায়িত অনুলিপি।” | |
| ৮. | বিধি ১৮খ ও ১৮গ সন্নিবেশ | **“১৮খ। অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে পণ্য বা সেবা সরবরাহ।**— (১) কোনো নিবন্ধিত ব্যক্তি অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোনো প্রকৃত রপ্তানিকারককে কোনো পণ্য বা সেবা সরবরাহ (যদি প্রযোজ্য হয়) করিলে উক্ত পণ্য বা সেবার সরবরাহ আইনের ধারা ২ এর দফা (৬২) এর অধীন প্রচ্ছন্ন রপ্তানি বলিয়া গণ্য করা হইবে।<br>(২) উপ-বিধি (১) এ বর্ণিত নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে আইনের ধারা ৬৪ অনুযায়ী দাখিলপত্র প্রদানের ক্ষেত্রে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোনো রপ্তানিকারককে সরবরাহকৃত পণ্য বা সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে উপকরণ কর, আইনের ধারা ৪৬ অনুযায়ী রেয়াত গ্রহণ এবং আইনের ধারা ৬২ ও বিধি ৪৫ অনুযায়ী সম্পূরক শুল্কের নিমিত্ত হ্রাসকারী সমন্বয় সাধন করা যাইবে। | প্রচ্ছন্ন রপ্তানি ও পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠানে পণ্য সরবরাহের কোন বিধিমালা না থাকায় নতুন বিধি সংযোজন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | (৩) উপ-বিধি (২) এ বর্ণিত ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ব্যাক-টু-ব্যাক ঋণপত্র, রপ্তানী ঋণপত্রের অনুলিপি ও বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র নিবন্ধিত ব্যক্তি কর্তৃক দখলে রাখিতে হইবে।<br>(৪) এই বিধিতে বর্ণিত সুবিধাদি প্রাপ্তিকল্পে প্রকৃত রপ্তানিকারকের কাস্টমস কর্তৃপক্ষ বা অন্য কোনো অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত বন্ডেড ওয়্যারহাউস বা স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস থাকিতে হইবে। অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে সরবরাহতব্য পণ্য সংক্রান্ত তথ্যাদি যথা: ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর ও তারিখ, প্রচ্ছন্ন রপ্তানিকারকের নাম ও ঠিকানা, পণ্যের বিবরণী ও পরিমাণ ও আনুষঙ্গিক অন্যান্য তথ্য প্রকৃত রপ্তানিকারকের অনুকূলে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ বা অন্য কোনো অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) বা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) এ উল্লেখ থাকিতে হইবে এবং বিধি ৪৫ অনুযায়ী সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয়ের ক্ষেত্রে ফরম মূসক-৭.১ এর সহিত উক্ত ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) বা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি)- এর অনুলিপিও সংযুক্ত করিতে হইবে। প্রয়োজনীয় পরীক্ষান্তে হ্রাসকারী সমন্বয় গ্রহণের অনুমতি প্রদানের সাথে সাথে সংশ্লিষ্ট ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) বা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) এ উল্লিখিত তথ্যাদির যথার্থতা এবং সরবরাহকৃত পণ্যের প্রকৃত রপ্তানিকারকের পাশ বহি ও ওয়্যারহাউস রেজিস্টারে লিপিবদ্ধ করিবার বিষয়ে তথ্যাদি নিশ্চিত হইবার জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ প্রকৃত রপ্তানিকারকের বন্ড নিয়ন্ত্রণকারী সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করিবেন।<br>(৫) প্রকৃত রপ্তানিকারক সংগৃহীত পণ্য দ্বারা | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | প্রস্তুতকৃত পণ্যের সংরক্ষণ, রপ্তানি বা অন্য কোনো প্রকারে নিষ্পত্তির বিবরণী সংশ্লিষ্ট পাশ বহি, রেজিস্টার বা বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যান্য দলিলপত্রে লিপিবদ্ধ করিবেন এবং বন্ড কর্মকর্তা দ্বারা উহা প্রত্যায়িত করাইবেন।<br>(৬) ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে সংগৃহীত পণ্য বা তৎদ্বারা প্রস্তুতকৃত পণ্য রপ্তানি করিতে ব্যর্থ হইলে রপ্তানিকারক উক্ত সংগৃহীত পণ্যের বিপরীতে রেয়াত বা হ্রাসকারী সমন্বয় হিসাবে যথাক্রমে গৃহীত উপকরণ কর ও সম্পূরক শুল্ক রপ্তানি ঋণপত্রের তামাদি তারিখ অথবা Customs Act, 1969 (IV of 1969) অনুযায়ী উক্ত পণ্য বন্ডেড ওয়্যারহাউস বা স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস এ সংগৃহীত হইবার তারিখ হইতে ২ (দুই) বৎসর অতিক্রান্ত হইবার তারিখ, যাহা পূর্বে হইবে, এর মধ্যে ফেরত প্রদানে বাধ্য থাকিবেন।<br><br>**১৮গ। পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পণ্য বা সেবা সরবরাহ।-** পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক সরবরাহকৃত পণ্য বা সেবা নিম্নরূপ শর্তাধীনে আইনের ধারা ২ এর দফা (৬২) এর অধীন প্রচ্ছন্ন রপ্তানি বলিয়া গণ্য করা হইবে, যথা:-<br>(ক) উক্ত শিল্প প্রতিষ্ঠানকে ১০০% রপ্তানিমুখী বন্ডেড ওয়্যারহাউস বা স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের অনুকূলে পণ্য সরবরাহ বা সেবা প্রদান করিতে হইবে;<br>(খ) উক্ত শিল্প প্রতিষ্ঠানের সরবরাহকৃত পণ্য বা সেবার অনুকূলে ইউটিলাইজেশন পারমিশন বা ইউটিলাইজেশন ডিক্লারেশন থাকিতে হইবে এবং উহাতে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র বা অভ্যন্তরীণ ঋণপত্রের নম্বর ও তারিখ, উক্ত শিল্প প্রতিষ্ঠানের নিকট হইতে পণ্য বা সেবা গ্রহণকারী ব্যক্তির মূসক নিবন্ধন নম্বর, নাম ও ঠিকানাসহ উক্ত | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | ব্যক্তির অনুকূলে ইস্যুকৃত অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের নম্বর ও তারিখ উল্লেখ থাকিতে হইবে;<br>(গ) উক্ত ঋণপত্রসমূহ যে ব্যাংকে হইবে সেই ব্যাংক কর্তৃক সত্যায়িত ঋণপত্রের অনুলিপিসহ ইউটিলাইজেশন পারমিশন বা ইউটিলাইজেশন ডিক্লারেশনসমূহ উক্ত শিল্প প্রতিষ্ঠানের দখলে থাকিতে হইবে;<br>(ঘ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্য বা সেবার বিপরীতে প্রদত্ত উপকরণ কর, আইনের ধারা ৪৬ এবং সম্পূরক শুল্ক, আইনের ধারা ৬২ ও বিধি ৪৫ অনুযায়ী যথাক্রমে রেয়াত ও হ্রাসকারী সমন্বয় গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সহিত দফা (খ) ও (গ) তে উল্লিখিত দলিলাদিসহ বৈদেশিক মুদ্রা প্রাপ্তির সনদপত্র, নিবন্ধনের ছায়ালিপি, পণ্য বা সেবা সরবরাহ প্রদানের বিপরীতে ফরম “মূসক ৬.৩” এ প্রদত্ত চালানপত্র, সরবরাহকৃত পণ্য বা সেবায় ব্যবহৃত উপকরণ আমদানির সপক্ষে বিল অব এন্ট্রির মূল কপি বা উপকরণের সরবরাহকারী কর্তৃক ফরম “মূসক ৬.৩” এ প্রদত্ত চালানপত্র দখলে রাখিতে হইবে ও উপস্থাপিত দলিলপত্রাদির সত্যতা বিষয়ে ৩ (তিন) শত টাকার নন-জুডিশয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার বরাবর দাখিল করিতে হইবে; এবং<br>(ঙ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলযোগ্য প্রতি কর মেয়াদে পেশকৃত দাখিলপত্র “মূসক ৯.১” এ এই বিধির আওতায় প্রাপ্ত সুবিধাদি সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করিতে হইবে এবং প্রতি জানুয়ারি ও জুলাই মাসে এতদসংক্রান্ত ষান্মাসিক বিবরণী স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে।” | |
| ৯. | বিধি ২৭ সংশোধন | বিধি ২৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “উপ-দফা (ড)” শব্দগুলি, চিহ্ন ও বন্ধনীর পরিবর্তে “উপ-দফা (ঝ)” শব্দগুলি, চিহ্ন ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |
| ১০. | বিধি ৩৭ | “(২) উৎসে কর্তনকারী সত্তা নির্ধারিত শর্ত ও | ভাষাগত জটিলতা |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | এর উপ-বিধি (২) প্রতিস্থাপন | পদ্ধতিতে উক্তরূপ কর্তিত মূসক সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিবেন।” | নিরসণ করা হয়েছে। |
| ১১. | বিধি ৪০ সংশোধন | বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর উপ-দফা (আআ) এ উল্লিখিত “সমন্বিত” শব্দটি বিলুপ্ত হইবে; | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |
| ১২. | বিধি ৪৯ সংশোধন | বিধি ৪৯ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “করদাতা ত্রুটি চিহ্নিত হওয়ার অব্যবহিত পর, করদাতা” শব্দগুলি ও কমার পরিবর্তে “করদাতা ত্রুটি চিহ্নিত হওয়ার অব্যবহিত পর” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |
| ১৩. | বিধি ৫২ এর উপ-বিধি (৭) প্রতিস্থাপন | “(৭) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক উপ-বিধি (৬) এ বর্ণিত কর মেয়াদের মধ্যে হ্রাসকারী সমন্বয় গ্রহণের সুযোগ না থাকিলে উক্ত ব্যক্তি ফরম “মূসক-৯.১” এ কমিশনার বরাবর ফেরতযোগ্য অর্থ ফেরত গ্রহণের জন্য আবেদন করিবেন এবং কমিশনার এই বিধিতে বর্ণিত পদ্ধতিতে ফেরত আবেদন নিষ্পত্তি করিবেন।” | ধারা ও বিধির মধ্যে সামঞ্জস্যতা ও প্রায়োগিক জটিলতা নিরসণে এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৪. | বিধি ৫৪ সংশোধন | বিধি ৫৪ এ উল্লিখিত “উপ-ধারা (৪) ও (৫)” শব্দগুলি, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনীর পরিবর্তে “উপ-ধারা (৩)” শব্দগুলি, সংখ্যা, চিহ্ন ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; | ধারা ও বিধির মধ্যে সামঞ্জস্যতা আনয়নের জন্য এ সংশোধনী আনা হয়েছে। |
| ১৫. | বিধি ৬৫ সংশোধন | (ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-<br>“(১) ধারা ৮৫ এর উপ-ধারা (১) এর সারণীর ক্রমিক নং (ছ), (জ), (ঝ) ও (ড) এ বর্ণিত ব্যর্থতা বা অনিয়ম বা কর ফাঁকির ক্ষেত্রে বিধি ৬১ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত ফরম মূসক-১২.৬ এ প্রতিবেদন প্রাপ্তির পর উক্ত ক্ষেত্র সহ অন্যান্য সকল কর ফাঁকির ক্ষেত্রে ধারা ৭৩ এ উল্লিখিত কর নির্ধারণ কার্যক্রম সম্পন্ন করিয়া জরিমানা আরোপের লক্ষ্যে ধারা ৮৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা ফরম মূসক-১২.১২ এ কারণ দর্শানো নোটিশ জারি করিবেন।”;<br>(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ- | আইনের ধারা ৭৩ এবং ৮৫(১) এর প্রযোজ্যতার বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-<br>"(২) ধারা ৮৫ এর উপ-ধারা (১) এ বর্ণিত কর ফাঁকি সংক্রান্ত ব্যর্থতা বা অনিয়ম ব্যতীত অন্য যে কোনো ধরনের ব্যর্থতা বা অনিয়মের জন্য –<br>(ক) যদি কোনো কর ফাঁকি হইয়া থাকে তাহা হইলে ধারা ৮৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা ধারা ৭৩ এ উল্লিখিত কর নির্ধারণ কার্যক্রম সম্পন্নকরণ করিয়া কারণ দর্শানো নোটিশ জারি করিবেন এবং সেই ক্ষেত্রে ফাঁকি প্রদত্ত করের সমপরিমাণ জরিমানা আরোপিত হইবে;<br>(খ) যদি কোনো কর ফাঁকি না হইয়া থাকে তাহা হইলে সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোনো মূসক কর্মকর্তা কারণ দর্শানো নোটিশ জারি করিবেন এবং সেই ক্ষেত্রে অন্যূন ১০ (দশ) হাজার এবং অনূর্ধ্ব ১ (এক) লক্ষ টাকা জরিমানা আরোপিত হইবে।";<br>(গ) উপ-বিধি (৩) এর-<br>দফা (খ) এ উল্লিখিত "ব্যর্থতা বা অনিয়মের" শব্দগুলির পরিবর্তে "ব্যর্থতা বা অনিয়ম বা কর ফাঁকির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>দফা (গ) এ উল্লিখিত "ব্যর্থতা বা অনিয়মের" শব্দগুলির পরিবর্তে "ব্যর্থতা বা অনিয়ম বা কর ফাঁকির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;<br>(ঘ) উপ-বিধি (৬) এ-<br>উল্লিখিত "ব্যর্থতা বা অনিয়মের" শব্দগুলির পরিবর্তে "ব্যর্থতা বা অনিয়ম বা কর ফাঁকির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(আ) দফা (ক) এ উল্লিখিত "ব্যর্থতা বা অনিয়মের" শব্দগুলির পরিবর্তে "ব্যর্থতা বা অনিয়ম বা কর ফাঁকির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | |
| ১৬. | বিধি ১১৮ সংশোধন | বিধি ১১৮ এর উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) বিলুপ্ত হইবে; | ব্যবসা-বাণিজ্য গতিশীল ও সহজীকরণের জন্য এ |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | | সংশোধনী আনা হয়েছে। |
| ১৭. | নূতন বিধি ১১৮গ সংযোজন | বিধি ১১৮খ এর পর নিম্নরূপ নূতন বিধি ১১৮গ সন্নিবেশিত হইবে; যথা:-<br>"১১৮গ। স্থানীয় পর্যায়ে মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উৎপাদনে সুবিধা।– Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 19 এর sub-section (1) এবং আইনের ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর আওতায় সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত অব্যাহতি বা রেয়াতী সুবিধা সংক্রান্ত কাস্টমস ও মূল্য সংযোজন কর প্রজ্ঞাপনের আওতাভুক্ত অব্যাহতিপ্রাপ্ত সুনির্দিষ্ট এইচএস কোড এর মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ বাংলাদেশে উৎপাদনের ক্ষেত্রে উহার প্রস্তুতকারক বা উৎপাদক, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে সরবরাহ করিতে পারিবেন, যথা:-<br>(ক) আইন অনুযায়ী নিবন্ধিত হইতে হইবে; এবং<br>(খ) নিয়মিত মূল্য সংযোজন কর দাখিলপত্র পেশ করিতে হইবে।" | স্থানীয় পর্যায়ে মূলধনী যন্ত্রপাতি উৎপাদিত প্রতিষ্ঠানের ব্যবসা সহজীকরণের জন্য এ বিধান সংযোজন করা হয়েছে। |

**(খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন সংশোধিত বা প্রতিস্থাপিত বা বাতিলকৃত ফরমসমূহ নিম্নরূপঃ**

| ক্রমিক নং | মূসক ফরম | প্রস্তাবিত সংশোধন | ফরমের বিষয় |
|---|---|---|---|
| ১. | ফরম "মূসক-২.৩" সংশোধন | ফরম "মূসক-২.৩" এর "[ বিধি ৪ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য ]" বন্ধনীগুলি, শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নের পরিবর্তে "[ বিধি ৪ এর উপ-বিধি (৪) ও বিধি ৫ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য ]" বন্ধনীগুলি, শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে; | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |
| ২. | ফরম "মূসক-৬.১০" সংশোধন | ফরম "মূসক-৬.১০" এর শেষাংশে উল্লিখিত "সংশ্লিষ্ট কলামে [(৭), (৮) ও (৯)] শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "কলাম (৭) এ" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |

| ক্রমিক নং | মূসক ফরম | প্রস্তাবিত সংশোধন | ফরমের বিষয় |
|---|---|---|---|
| | | হইবে; এবং | |
| ৩. | ফরম "মূসক-১১.১" সংশোধন | ফরম "মূসক-১১.১" এর ক্রমিক নং (৩) এর শেষাংশে উল্লিখিত "হইল" শব্দের পরিবর্তে "হইবে" শব্দটি প্রতিস্থাপিত হইবে। | করণিক ত্রুটি সংশোধন করা হয়েছে। |

**০৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় যে সকল প্রজ্ঞাপন ও আদেশ জারি করা হয়েছে, তার তালিকাঃ**

**(ক) প্রজ্ঞাপনসমূহের তালিকাঃ**

(১) প্রজ্ঞাপন এসআরও নং-১৪০-আইন/২০২১/১৩৭-মূসক তারিখঃ ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ কতিপয় প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(২) প্রজ্ঞাপন এসআরও নং-১৪১-আইন/২০২১/১৩৮-মূসক তারিখঃ ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে আমদানি, আমদানি ও উৎপাদন, উৎপাদন, সেবা ও ব্যবসায়ী পর্যায়ে বর্তমানের ন্যায় অব্যাহতি প্রদান করা হয়েছে;

(৩) প্রজ্ঞাপন এসআরও নং-১৪২-আইন/২০২১/১৩৯-মূসক তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে এয়ারকন্ডিশনার ও এর কম্প্রেসর উৎপাদনের জন্য উপকরণ ও যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে  মূসক, সম্পূরক শুল্ক ও আগাম কর অব্যাহতির এর মেয়াদ ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৪) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৩-আইন/২০২১/১৪০-মূসক তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রেফ্রিজারেটর ও ফ্রিজার ও এর কম্প্রেসর উৎপাদনের জন্য উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে মূসক, সম্পূরক শুল্ক ও আগাম কর অব্যাহতির এর মেয়াদ ৩০ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৫) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৪-আইন/২০২১/১৪১-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে মোটর ভেহিক্যাল ও উহার যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে মূসক, সম্পূরক শুল্ক ও আগাম কর অব্যাহতির মেয়াদ ৩০ জুন, ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৬) পলিপ্রোপাইলিন স্ট্যাপল ফাইবার সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-১৪৫-আইন/২০২১/১৪২-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর এর মেয়াদ ৩০ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৭) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৬-আইন/২০২১/১৪৩-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে মোবাইল ফোন সংক্রান্ত প্রজ্ঞাপনে SMT Line সংশোধন এবং এর  প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে সমুদয় মূসক ও সম্পূরক শুল্ক অব্যাহতির মেয়াদ ৩০ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৮) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৭-আইন/২০২১/১৪৪-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে স্যানিটারী ন্যাপকিন ও ডায়াপারের কাঁচামাল আমদানির ক্ষেত্রে মূসক ও সম্পূরক শূল্ক অব্যাহতির মেয়াদ ৩০ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে;

(৯) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৮-আইন/২০২১/১৪৫-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ওয়াসিং মেশিন, মাইক্রোওয়েভ ওভেন, ইলেক্ট্রিক ওভেন এর প্রয়োজনীয় উপকরণ ও উহার যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় সমূদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (আগাম করসহ) ৩০ জুন, ২০২৩ পর্যন্ত অব্যাহতি প্রদান করা হয়েছে;

(১০) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৯-আইন/২০২১/১৪৬-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ব্লেন্ডার, জুসার, মিক্সার, গ্রাইন্ডার, ইলেক্ট্রিক কেটলি, রাইস কুকার, মাল্টি কুকার এবং প্রেসার কুকার এর প্রয়োজনীয় উপকরণ ও উহার যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় সমূদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (আগাম করসহ) ৩০ জুন, ২০২৩ পর্যন্ত অব্যাহতি প্রদান করা হয়েছে;

(১১) প্রজ্ঞাপন এসআরও নং-১৫০-আইন/২০২১/১৪৭-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে প্রিন্টার, টোনার কার্টিজ/ইনকজেট কার্টিজ, কম্পিউটার প্রিন্টারের যন্ত্রাংশ, কম্পিউটার, ল্যাপটপ, AIO, ডেস্কটপ, নোটবুক, নেটপ্যাড, ট্যাব, সার্ভার, কিবোর্ড, মাউস, বারকোড/কিউআর স্ক্যানার, র‌্যাম, পিসিবিএ/মাদারবোর্ড, পাওয়ার ব্যাংক, রাউটার, নেটওয়ার্ক সুইচ, মডেম, নেটওয়ার্ক ডিভাইস/হাব, স্পিকার, সাউন্ড সিস্টেম, ইয়ারফোন, হেডফোন, এসএসডি/পোর্টেবল এসএসডি, হার্ড ডিস্ক ড্রাইভ, পেনড্রাইভ, মাইক্রো এসডি কার্ড, ফ্লাশ মেমরি কার্ড, সিসিটিভি, মনিটর (Not Exceeding 22”), প্রজেক্টর, Printed Circuit Board, ইরাইটিং প্যাড, ইউএসবি ক্যাবল, ডাটা ক্যাবল, ডিজিটাল ওয়াচ, বিভিন্ন ধরণের Loaded PCB এর উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছে;

(১২) প্রজ্ঞাপন এসআরও নং-১৫১-আইন/২০২১/১৪৮-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে কতিপয় পণ্যের আগাম কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে;

(১৩) প্রজ্ঞাপন এসআরও নং-১৫২-আইন/২০২১/১৪৯-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে Iron or steel (LPG Cylinder) এর উপর স্থানীয় উৎপাদন পর্যায়ের অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২২ পর্যন্ত বর্ধিত করা হয়েছে;

(১৪) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৩-আইন/২০২১/১৫০-মূসক তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(১৫) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৪-আইন/২০২১/১৫১-মূসক তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সিগারেট এর খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণ করা হয়েছে;

(১৬) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৫-আইন/২০২১/১৫২-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সিগারেটের সম্পূরক শুল্ক অব্যাহতি প্রদান করা হয়েছে;

(১৭) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৬-আইন/২০২১/১৫৩-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারীকৃত "মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯" এর সংশোধন করা হয়েছে;

(১৮) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৭-আইন/২০২১/১৫৪-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারীকৃত "মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯" এর সংশোধন করা হয়েছে;

(১৯) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৮-আইন/২০২১/১৫৫-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারীকৃত "উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২০" সংশোধন করা হয়েছে;

(২০) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৯-আইন/২০২১/১৫৬-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে কতিপয় ক্ষেত্রে ক্ষমতা অর্পণ সংক্রান্ত বিষয়সমূহ সংশোধন করা হয়েছে;

(২১) প্রজ্ঞাপন এসআরও নং-১৬০-আইন/২০২১/১৫৭-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে কতিপয় সেবার ব্যাখ্যা অন্তর্ভুক্ত করা হয়েছে;

(২২) প্রজ্ঞাপন এসআরও নং-১৬১-আইন/২০২১/১৫৮-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে স্থানীয়ভাবে উৎপাদিত টাইলস ও স্যানিটারি ওয়্যার এর পরিবেশক ও ডিলারদের জন্য নীট কমিশনের উপর ১৫ শতাংশ মূসক আরোপ সংক্রান্ত নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(২৩) প্রজ্ঞাপন এসআরও নং-১৬২-আইন/২০২১/১৫৯-মূসক তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে স্থানীয় মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপন (এসআরও নং-১০১-আইন/২০২০/৯৫-মূসক, তারিখ: ২৫.০৩.২০২০ খ্রিঃ) বাতিল করা হয়েছে।

**(খ) আদেশসমূহের তালিকাঃ**

(১) সাধারণ আদেশ নং-০২/মূসক/২০২১ তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সিগারেটের মূল্যস্তর ভেদে স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার এবং মূসক ও সম্পূরক শুল্ক আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে;

(২) সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০২১ তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সমুদ্রগামী জাহাজ এর অব্যাহতি সংক্রান্ত আদেশ সংশোধন করা হয়েছে;

(৩) সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০২১ তারিখ: ০৩ জুন, ২০২১ এর মাধ্যমে আগাম কর সংক্রান্ত আদেশের প্রয়োজনীয় সংশোধনীসহ একটি সমন্বিত আদেশ জারি করা হয়েছে।

**০৫। উপরোক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অব্যাহতি/আরোপ সংক্রান্ত উল্লেখযোগ্য সংশোধনীসমূহ আনা হয়েছে, যথা:-**

(ক) **মূসক অব্যাহতি প্রদানঃ**

| **পণ্যের এইচএস কোড/সেবার কোড** | **পণ্য/সেবার নাম** | **যে পর্যায়ে অব্যাহতি** |
|---|---|---|
| 8471 ভুক্ত সকল | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক | আমদানি পর্যায় |

| পণ্যের এইচএস কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি |
|---|---|---|
| এইচএস কোড (8471.60.10 ব্যতীত) | যন্ত্রপাতি | |
| 8473.30.00 | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি | আমদানি পর্যায় |
| 8517.62.30 | কম্পিউটার মডেম | আমদানি পর্যায় |
| 8528.52.10 | কম্পিউটার মনিটর (২২” পর্যন্ত) | আমদানি পর্যায় |
| 1904.10.00 | মুড়ি | উৎপাদন পর্যায়ে |
| 84.32 ও 84.33 সংশ্লিষ্ট এইচএস কোড | উইডার (নিড়ানী) ও উইনোয়ার (ঝাড়াইকল) | উৎপাদন, ব্যবসায়ী পর্যায়ে |
| 9619.00.00 | স্যানিটারি ন্যাপকিন | উৎপাদন পর্যায়ে |
| S037.00 | পুরাতন ব্যাটারী | সেবা (যোগানদার) পর্যায়ে |
| S099.40 | মেডিটেশন (৩০ জুন, ২০২২ পর্যন্ত) | সেবা পর্যায়ে |
| 08.03-08.10 সংশ্লিষ্ট এইচএস কোড | তাজা ফল | ব্যবসায়ী পর্যায়ে |

(খ) **মূসক আরোপঃ**

| পণ্যের এইচএস কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি |
|---|---|---|
| 0207.11.90, 0207.12.90 | ০১.০৫ এর শ্রেণীভুক্ত হাঁস মুরগীর মাংস এবং ভোজ্য নাড়িভূড়ি, তাঁজা, ঠান্ডা অথবা হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) | আমদানি পর্যায়ে |

**(গ) তামাক ও তামাকজাত পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে তামাকের ব্যবহার হ্রাস করে জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে তামাকজাত পণ্যের উপর নিম্নরূপ হারে মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক ধার্য করা হয়েছে।**

| বিদ্যমান মূল্য (১০ শলাকার জন্য) টাকা | বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%) | প্রস্তাবিত মূল্য (১০ শলাকার জন্য) টাকা | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| ৩৯ টাকা ও তদূর্ধ্ব | ৫৭ | ৩৯ টাকা ও তদূর্ধ্ব | ৫৭ |
| ৬৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ৬৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ৯৭ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ১০২ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ১২৮ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ১৩৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |

(ঘ) **বিড়ির ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক নিম্নরুপে নির্ধারণ করা হয়েছে:**

| বিড়ির ধরন | শলাকা (প্রতি প্যাকেট) | বিদ্যমান মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা | প্রস্তাবিত মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা | বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%) | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|---|---|
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিযুক্ত) | ৮ শলাকা | ৬.০০ টাকা | ৬.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ১২ শলাকা | ৯.০০ টাকা | ৯.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ২৫ শলাকা | ১৮.০০ টাকা | ১৮.০০ টাকা | ৩০ | ৩০ |
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত) | ১০ শলাকা | ১০.০০ টাকা | ১০.০০ টাকা | ৪০ | ৪০ |
| | ২০ শলাকা | ১৯.০০ টাকা | ১৯.০০ টাকা | ৪০ | ৪০ |

(ঙ) **জর্দা ও গুলের ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক নিম্নরুপে নির্ধারণ করা হয়েছে:**

| পণ্যের নাম | একক | বিদ্যমান মূল্য | প্রস্তাবিত মূল্য | বিদ্যমান সম্পূরক শুল্ক হার | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার |
|---|---|---|---|---|---|
| জর্দা | প্রতি দশ গ্রাম | ৪০ টাকা | ৪০ টাকা | ৫৫% | ৫৫% |
| গুল | প্রতি দশ গ্রাম | ২০ টাকা | ২০ টাকা | ৫৫% | ৫৫% |

০৬। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর বাজেট বক্তৃতা, অর্থ বিল, ২০২১ এবং বর্ণিত নতুন প্রজ্ঞাপন ও আদেশসমূহ এ নির্দেশনার সাথে প্রেরণ করা হলো। অর্থ বিল, ২০২১ এ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সম্পর্কিত অংশ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশোধনী এবং বাজেট সম্পর্কিত উপরি-উক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহের আলোকে যথাযথ সরকারি রাজস্ব আহরণের স্বার্থে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য

অনুরোধ করা হলো। একইসাথে, এ সকল বিষয়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি, অসংগতি বা বিশ্লেষণের প্রয়োজন অনুভূত হলে তা জরুরি ভিত্তিতে আগামী ১০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নজরে আনার জন্য অনুরোধ করা হলো।

০৭। এই নির্দেশিকা মাঠ পর্যায়ের ভ্যাট ও কাস্টমস কর্মকর্তাদের ভ্যাট বিষয়ে বাজেটে গৃহীত প্রস্তাবনাসমূহ সহজে অনুধাবন করার লক্ষ্যে একটি দলিল মাত্র। এ কারণে বিবেচ্য নির্দেশিকায় বর্ণিত বিষয়সমূহ সহ সংশ্লিষ্ট আইন, বিধিমালা, প্রজ্ঞাপন ও সাধারণ আদেশসমূহ মনোযোগ সহকারে পাঠপূর্বক তা সহকর্মীদের নিয়ে আলোচনার মাধ্যমে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৮। এই নির্দেশনার কোন অসংগতির ক্ষেত্রে জারিকৃত অর্থ বিল, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ অনুসরণীয় হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**
**স্বাক্ষরিত/**০৩/০৬/২০২১খ্রি:
**[ কাজী ফরিদ উদ্দীন ]**
প্রথম সচিব (মূসক-নীতি)
ফোনঃ ৮৩৯২৩০২।
E-mail: kazifarid75@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (গ্রেড-১), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ)/ঢাকা(উত্তর)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট, মূসক, ঢাকা।
১৬-১৭। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূসক, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১৮। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৯-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ ঢাকা-১/ঢাকা-২/খুলনা।
২৩-২৫। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প/বন্ড অটোমেশন প্রকল্প/ন্যাশনাল সিংগেল উইন্ডো প্রকল্প, কাকরাইল, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২১/১৪৩ তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ জুন,২০২১খ্রিঃ।

**<u>অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ</u>**

১। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২-৭। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আইসিডি-কমলাপুর/পানগাঁও।
৮-৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
১০। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

**স্বাক্ষরিত/**০৩/০৬/২০২১খ্রি:
**[কাজী রেজাউল হাসান]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
E-mail: rezahasan.nbr@gmail.com